

PRESS CLIP

Publication:- Khabaronline.com (<https://www.khabaronline.com/news/business/the-bengal-chambers-initiative-to-bridge-the-gap-between-the-demand-and-supply-of-medical-equipments/>)

Date: - 11th April 2020

Page :- Online

Article on The Bengal Chamber bridging the health care suppliers with health care providers during the COVID-19 pandemic.

চিকিৎসা সরঞ্জামের চাহিদা ও জোগানের মধ্যে সমন্বয় সাধনে উদ্যোগী বেঙ্গল চেম্বার

April 11, 2020



খবর অনলাইন ডেস্ক: করোনাভাইরাস (coronavirus) সংক্রমণের জেরে দেশে স্বাস্থ্য পরিষেবা পণ্যের চাহিদা অনেকটাই বেড়ে গিয়েছে। বেড়ে গিয়েছে পার্সোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্টের (পিপিই) চাহিদাও। এই চাহিদা মেটানোর কাজে উদ্যোগী হয়েছে দ্য বেঙ্গল চেম্বার। যে সব শিল্প সংস্থা স্বাস্থ্য পরিষেবার সামগ্রী ও চিকিৎসা সরঞ্জাম উৎপাদন করে, সেই সব সংস্থা এবং স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীদের মধ্যে সেতু গড়ার কাজ করছে তারা।

বেঙ্গল চেম্বারের এই উদ্যোগে যোগ দিয়েছে পাঁচটি ক্ষুদ্র ও মাঝারি সংস্থা, যারা হাসপাতালে চিকিৎসা পণ্য সরবরাহের কাজে নথিভুক্ত এবং অভিজ্ঞ। তারা হল, অ্যাডসান এন্টারপ্রাইজ, ইভা ডিসপোজেবল গ্লাভস, উদ্যোগী ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেড, ইন্টারন্যাশনাল এক্সপোর্ট হাউজ এবং ট্রেন্ট ট্রেডিং কর্পোরেশন।

পিপিই ছাড়া আর যে সব চিকিৎসা সরঞ্জামের চাহিদা বেড়েছে এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পসংস্থা যেগুলি সরবরাহ করবে বলে সিদ্ধান্ত করেছে, সেগুলি হল এন৯৫ মাস্ক, ডিসপোজেবল মাস্ক, ডিসপোজেবল গ্লাভস, স্যানিটাইজার, কোভিড-১৯ র্যাপিড টেস্ট কিট, সার্জিক্যাল ফেস মাস্ক, ডিসপোজেবল চশমা, জুতো ঢাকার জিনিস, ডিসপোজেবল গাউন, এইচএমএইচডিপিই ড্রাম, ডায়ালিসিস জলের জার, বোতল, খাবার রাখার প্লাস্টিকের পাত্র।

দ্য বেঙ্গল চেম্বারের প্রাক্তন সভাপতি এবং স্বাস্থ্য বিষয়ক কমিটির মেন্টর ডা. অলোক রায় বলেন, “আমরা বড়ো কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি। এই মহামারি মোকাবিলায় আমরা তৎপর। ক্ষুদ্র, ছোটো শিল্প সংস্থাগুলি লকডাউনে রীতিমতো সমস্যায় পড়েছে। ওদের সঙ্গে আমরা নিয়মিত যোগাযোগ রেখে চলেছি। স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী ও চিকিৎসা সরঞ্জাম উৎপাদনকারীদের মধ্যে যোগাযোগ বজায় রাখার চেষ্টা করে যাচ্ছি। এখন এটার খুব দরকার।”

দ্য বেঙ্গল চেম্বারের ডিরেক্টর জেনারেল শুভদীপ ঘোষ বলেন, “এখনও পর্যন্ত পাঁচটি ছোটো, মাঝারি শিল্প সংস্থা ইমানে আমাদের সঙ্গে যোগাযোগ করেছে। তারা কে কী পণ্য তৈরি করে, সে ব্যাপারে বিস্তারিত জানিয়েছে। কোনটা কতটা সরবরাহ করতে পারবে, তা-ও জানিয়েছে। এর মধ্যে তিনটি সংস্থা উৎপাদনকারী, বাকি দু’টি হল বাণিজ্য এবং সরবরাহকারী। ভালো কথা হল, হাসপাতালগুলি যেমন জিনিস চেয়েছে এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প সংস্থাগুলি যে হারে উৎপাদনের কাজ করছে, তাতে মনে হচ্ছে জোগানের পরও কিছু জিনিস উদ্ধৃত হয়ে যেতে পারে।”